ঘরে থাকি * সামাজিক দূরত্ব বজায় রাখি *
করোনাভাইরাস সংক্রমণ রোধ করি * জীবন
বাঁচাই
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.২

তারিখ: ২৪ চৈত্র ১৪২৬
০৭ এপ্রিল ২০২০

বিষয়: **করোনাভাইরাস রোগ প্রতিরোধ কার্যক্রমে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে আর্থিক সহায়তা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস সংক্রমণ রোধ ও এ থেকে সৃষ্ট রোগের বিশেষায়িত চিকিৎসা প্রদানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ঘোষিত বৈশ্বিক মহামারীর ফলে চ্যালেঞ্জের মুখে পড়া আমাদের অর্থনীতি ও সাধারণ মানুষের জীবন-যাপন স্বাভাবিক রাখার স্বার্থে সরকার ইতোমধ্যে ৭২৭৫০ কোটি টাকার আর্থিক প্রণোদনা ঘোষণা করেছে। এ সংকটে মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এমপি ও মাননীয় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি শিক্ষা পরিবারের সদস্যদের নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী তথা দেশবাসীর পাশে দাঁড়ানোর অভিপ্রায় ব্যক্ত করেছেন। শিক্ষা পরিবারের অনেক সদস্য দেশের এ সংকটে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে থাকার লক্ষ্যে তাঁর ত্রাণ তহবিলে অর্থ প্রদানের ইচ্ছা পোষণ করেছেন। ঊর্ধ্বতন কর্তৃপক্ষও শিক্ষা পরিবারের সদস্যদের ইচ্ছায় সম্মতি প্রদান করেছে।

এ পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন সকল অফিস/শিক্ষা প্রতিষ্ঠান (সরকারি ও বেসরকারি) প্রধানকে তাঁর অফিস/প্রতিষ্ঠানে কর্মরত আগ্রহী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আহরিত মাসিক বেতন থেকে ০১ (এক) দিনের সমপরিমাণ অর্থ নিম্ন বর্ণিত হিসাবে জমা দেয়া এবং শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের তালিকা ও অর্থ জমা দেয়ার রসিদ সংযুক্ত নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অর্থ প্রেরণের সর্বশেষ সময়সীমা আগামী ০৯/০৪/২০২০ খ্রি.।

হিসাবের নাম: Director General, D.S.H.E
হিসাব নম্বর: 0200009382600
ব্যাংকের নাম ও শাখা- Agrani Bank Limited, Jatiya Press Club Branch, Dhaka.

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন সকল অফিস/শিক্ষা প্রতিষ্ঠান (সরকারি ও বেসরকারি) প্রধানকে নির্ধারিত সময়ে অর্থ প্রেরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-৪-২০২০
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
২) অধ্যক্ষ, সকল কলেজ
৩) উপপরিচালক, সকল অঞ্চল:
৪) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
৫) প্রধান শিক্ষক, সকল বিদ্যালয়:
৬) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল
উপজেলা/থানা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.২/১(১১)

তারিখ: ২৪ চৈত্র ১৪২৬
০৭ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
(পত্রটি সংযুক্তিসহ মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪) সভাপতি, এসএমসি/গভর্নিং বডি (সকল প্রতিষ্ঠান)
৫) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৬) সংরক্ষণ নথি।

৭-৪-২০২০
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
# বাংলাদেশ, ঢাকা

www.dshe.gov.bd

করোনাভাইরাস রোগ প্রতিরোধ কার্যক্রমে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে আর্থিক সহায়তা প্রদান সম্পর্কিত নির্দেশনা

❖ যে হিসাবে অর্থ পাঠাতে হবে- হিসাবের নামঃ Director General, D.S.H.E, হিসাব নম্বরঃ 0200009382600
ব্যাংকের নাম ও শাখাঃ Agrani Bank Limited, Jatiya Press Club Branch, Dhaka.

❖ আর্থিক সহায়তা প্রদানকারী সকল অফিস/ শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যছক (শিরোনামে অফিস/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে)-

| ক্রমিক নং | নাম | পদবী | অর্থের পরিমাণ |
|---|---|---|---|
| ১। | - | - | - |
| - | - | - | - |
| | | মোট | --------- |

কথায়ঃ

অফিস/প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সিল

❖ **মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের জন্য:**

প্রতিষ্ঠান প্রধান অর্থ প্রদানকারীদের তালিকা ও জমা রসিদ সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে ই-মেইল করবেন। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর অফিসের তথ্যসহ একটি প্রতিবেদন জেলা শিক্ষা কর্মকর্তার নিকট ই-মেইলে প্রেরণ করবেন।

❖ প্রতিবেদন ছকঃ শিরোনামে উপজেলা/থানার নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে-

| ক্রমিক নং | অফিস/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | তালিকা {আছে/নাই} (✓/×) | জমা রসিদ(আছে/নাই) (✓/×) | অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১। | - | - | - | - |
| - | - | - | - | - |
| মোট | | | | --------- |

কথায়ঃ

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা স্বাক্ষর ও সিল

❖ জেলা শিক্ষা কর্মকর্তা তাঁর অফিসের তথ্যসহ একটি প্রতিবেদন আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) এর নিটক ই-মেইলে প্রেরণ করবেন।

❖ প্রতিবেদন ছকঃ শিরোনামে জেলার নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে-

| ক্রমিক নং | জেলা/উপজেলার নাম ও ঠিকানা | অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১। | - | - |
| - | - | - |
| মোট | | - |

কথায়ঃ

জেলা শিক্ষা কর্মকর্তার স্বাক্ষর ও সিল

- আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) প্রতিবেদনের একটি কপি আঞ্চলিক পরিচালককে এবং আরেক কপি মহাপরিচালক বরাবর ই-মেইলে প্রেরণ করবেন।
- প্রতিবেদন ছকঃ শিরোনামে অঞ্চলের নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে-

| ক্রমিক নং | জেলার নাম ও ঠিকানা | অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১। | - | - |
| - | - | - |
| মোট | | - |

কথায়ঃ

আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) এর স্বাক্ষর ও সিল

- **<u>কলেজের জন্যঃ</u>**

প্রতিষ্ঠান প্রধান অর্থ প্রদানকারীদের তালিকা ও জমা রসিদ আঞ্চলিক পরিচালককে ই-মেইল করবেন। আঞ্চলিক পরিচালক কলেজ থেকে প্রাপ্ত ডকুমেন্টের আলোকে একটি প্রতিবেদন তৈরি করবেন।

- প্রতিবেদন ছকঃ অঞ্চলের নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

| ক্রমিক নং | অফিস/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | তালিকা {আছে/নাই} (✓/✗) | জমা রসিদ(আছে/নাই) (✓/✗) | অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১। | - | - | - | - |
| - | - | - | - | - |
| মোট | | | | --------- |

কথায়ঃ

আঞ্চলিক পরিচালকের স্বাক্ষর ও সিল

- সমন্বিত প্রতিবেদনঃ আঞ্চলিক পরিচালকের দপ্তর, কলেজের প্রতিবেদন ও উপপরিচালক (মাধ্যমিক) থেকে প্রাপ্ত প্রতিবেদন সমন্বয় করে একটি সমন্বিত প্রতিবেদন মহাপরিচালক বরাবর ই-মেইলে প্রেরণ করবেন।
- প্রতিবেদন ছকঃ শিরোনামে অঞ্চলের নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

| ক্রমিক নং | অফিস/কলেজ/বিদ্যালয় | অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১। | অঞ্চলের অফিস থেকে প্রাপ্তি | - |
| | অঞ্চলের কলেজসমূহ থেকে প্রাপ্তি | |
| - | অঞ্চলের বিদ্যালয়সমূহ থেকে প্রাপ্তি | - |
| মোট | | - |

কথায়ঃ

আঞ্চলিক পরিচালকের স্বাক্ষর ও সিল